

তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” এর লিস্টিং অপারেশন/মূল শুমারির গণনা কার্যক্রমে “তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার” পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র আলমডাঙ্গা উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১।	সুপারভাইজার	প্রশিক্ষণ : ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক : ৮৫০০/- (ভ্যাট ও ট্রান্সপোর্ট)	১. ন্যূনতম স্নাতক/সমমান পাশ হতে হবে ২. নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে ও স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪. ২৭-০১-২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে ৫. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬. পূর্ববর্তী শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২।	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ : ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক : ৮০০০/- (ভ্যাট ও ট্রান্সপোর্ট)	১. ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে ২. নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে ও স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪. ২৭-০১-২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬. পূর্ববর্তী শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বি: দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে/প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উল্লেখিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী :

১. লিস্টিং অপারেশন (সম্ভাব্য : ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (সম্ভাব্য ২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
৩. লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে এবং পরিচালনায় দক্ষ হতে হবে এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
৪. একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৫. অন্য কোন পেশায় (সরকারি, বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠান এ কর্মরত) নিয়োজিত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
৬. নিজের মৌজা/মহল্লা ব্যতিরেকে অন্য মৌজা/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
৭. আবেদনপত্র ও আবেদন ফরম এ উল্লিখিত কাগজপত্র আগামী ২৭-০১-২০২০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আলমডাঙ্গায় অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
৮. লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
৯. আবেদনপত্রের খামের উপর নাম, পদের নাম, নিজ ইউনিয়ন ও নিজ মৌজার নাম অবশ্যই লিখতে হবে।
১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

অন্যান্য তথ্যাবলী :

১১. উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(www.bbs.alamdanga.chuadanga.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম স্বহস্তে/নিজ হাতে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আলমডাঙ্গা চুয়াডাঙ্গা থেকেও আবেদন পত্র সংগ্রহ করা যাবে।
১২. নিয়োগ সংক্রান্ত নির্দেশনা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
১৩. নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১৪. লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতে গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
১৫. লিস্টিং অপারেশন/মূল শুমারির জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট এ প্রকাশ করা হবে।
১৬. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
১৭. এ নিয়োগ শুধুমাত্র “জনশুমারি ও গৃহগণনা ২০২১” সংশ্লিষ্ট কাজের জন্য বিবেচিত হবে।
১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ লিটন আলী)

উপজেলা নির্বাহী অফিসার

আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

ফোনঃ ০৭৬২২-৫৬২০১

Email: unoalamdanga@mopa.gov.bd